



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৩২

তারিখ: ১৫/০১/২০২৪ খ্রি.

“The Daily Campus” পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১৩ জানুয়ারি ২০২৪ তারিখ ১৭:৪১ ঘটিকায় জনপ্রিয় অনলাইন পত্রিকা “The Daily Campus” এ ‘গুচ্ছে থাকে প্রসঙ্গে যা বললেন তিন বিশ্ববিদ্যালয়ের ভিসি’ শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে। তাতে উল্লেখ করা হয়েছে ‘গুচ্ছ পদ্ধতির প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে না চাওয়া বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ইসলামী বিশ্ববিদ্যালয় অন্যতম।’ উক্ত সংবাদে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করে বিভ্রান্তিকর ও ভিত্তিহীন সংবাদ প্রকাশে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ণ হয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত প্রকাশিত সংবাদের তীব্র প্রতিবাদ ও ক্ষোভ প্রকাশ করছে।

মাননীয় ভাইস চ্যান্সেলর তথা কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন জিএসটি পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে না মর্মে কোন সিদ্ধান্ত গ্রহণ করেনি কিংবা এজাতীয় মতামত কোন সাংবাদিককে প্রদান করেনি।

সংবাদে প্রকাশিত ভুল ও বিভ্রান্তিকর তথ্য সংশোধন করে পাঠকের জ্ঞাতার্থে প্রকাশের জন্য অনলাইন পত্রিকা “The Daily Campus” কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানানো যাচ্ছে, একই সাথে ভবিষ্যতে সত্য ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সকলের স্বার্থ সংরক্ষণের ব্যাপারে সাংবাদিকগণকে তাদের সংবাদ প্রকাশের ক্ষেত্রে দায়িত্বশীল হওয়ার আহ্বান জানাচ্ছে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি